**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অডিট শাখা-০২**
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০১৬.২২-**৯৯**

তারিখঃ ০৯ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২২ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন চক যামিনী (কাজিপাড়া) নুরুল উলুম মোজাদ্দেদিয়া দাখিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ০৮.০৩.২০১৬ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০৪০.২১-৩০২; তারিখ: ২৪.০১.২০২২ খ্রি.
(২) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং-ডিআইএ/দিনাজপুর/৪২৪-এম/রাজ: ৩১৮/৪; তারিখ: ০৭.০৮.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে **দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন চক যামিনী (কাজিপাড়া) নুরুল উলুম মোজাদ্দেদিয়া** মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ০৮.০৩.২০১৬ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে সুপারের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব পর্যালোচনা করে মহাপরিচালকের মন্তব্য অনুযায়ী টিএমইডি'র নির্দেশনা নিম্নে উপস্থাপন করা হলো:

| রিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ১ | প্রশাসনিক মন্তব্য ও সুপারিশ: | -- |
| ১(গ) | স্বীকৃতি: প্রতিষ্ঠানটি ০১.০১.১৯৭৭ তারিখ হতে দাখিল স্বীকৃতি লাভ করে। স্বীকৃতির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (৩১.১২.২০১৭ খ্রি. তারিখে)। স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখা হয়েছে কিনা? সে সম্পর্কিত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য সুপারকে নির্দেশ প্রদান করা হলো এবং পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১(ঘ) | ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (১২.০২.২০১৮ খ্রি. তারিখে)। পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করা করা হয়েছে কিনা? তার প্রমাণক প্রেরণের জন্য সুপারকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ১(চ) | স্টক টেকিং সংক্রান্ত তথ্য: স্টক টেকিং চালু নেই। প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টক টেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টক টেকিং প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক স্টক রেজিস্টার সংরক্ষণের জন্য সুপারকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ১(ঝ)২ | মহিলা কোটা: প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১৪ জন শিক্ষক কর্মরত আছেন। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ২০% হিসেবে ২.৮০ জন মহিলা শিক্ষক প্রাপ্য। বর্তমানে কোন মহিলা শিক্ষক কর্মরত নেই। শূন্য পদে শিক্ষক নিয়োগকালে মহিলা কোটা সংরক্ষণ করতে হবে। | ঐ |
| ২(গ) | আসবাবপত্রসংক্রান্ত: বর্তমানে প্রতিষ্ঠানে ন্যূনতম প্রয়োজনীয় আসবাবপত্র রয়েছে। শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রতি বছর স্টক টেকিং কমিটির প্রতিবেদনের ভিত্তিতে আধুনিক আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে। | নির্দেশনা অনুসরনের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(ক) | একাডেমিক মন্তব্য ও সুপারিশ: শিক্ষার্থী সংখ্যা ও মন্তব্য: বর্তমান শিক্ষাবর্ষে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থী সংখ্যা ৩৫১ জন। পরিদর্শনকালে ৩২৪ জন শিক্ষার্থী উপস্থিত ছিল। ০৪.০২.২০১০ তারিখের জারীকৃত জনবলকাঠামো ২৪.০৩.২০১৩ খ্রি. তারিখ পর্যন্ত সংশোধিত নীতিমালা মোতাবেক প্রতিষ্ঠানটিতে সার্বিকভাবে কাম্য শিক্ষার্থী আছে। শ্রেণি কক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সকল শিক্ষককে প্রচেষ্টা চালাতে হবে। | ঐ |
| ৩(খ) | ঝরে পড়ার কারণ চিহ্নিত করে ঝরে পড়ার হার কমিয়ে আনার জন্য প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলী, পরিচালনা কমিটি, অভিভাবকদের সমন্বয়ে ঝড়ে পড়ার হার কমিয়ে আনার সর্বাত্মক প্রচেষ্টা অবহ্যাহত রাখতে হবে। নির্দেশনা অনুসরনপূর্বক গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার সুপারকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |

চলমান পাতা-০২



E:\MURAD (Audit)\LETTER\BSR- Report Letter - (দাখিল মাদ্রাসা).docx

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ৩(গ) | একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান পর্যবেক্ষণ করা হয়। একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপারকে নির্দেশনাপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো।<br>১. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। (২) প্রতি বছরের প্রথমে বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে এবং তদানুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। (৩) শ্রেণির অপেক্ষাকৃত দুর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। (৪) প্রতি মাসে শিক্ষক সভা করতে হবে। লেখাপড়ার মান উন্নয়ন করার লক্ষ্যে শিক্ষক সভায় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করে বাস্তবায়ন করতে হবে। (৫) বিষয়কভিত্তিক শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্ন পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীন পরীক্ষা নিতে হবে। কোন মতেই ক্রয় করা প্রশ্ন পত্রের মাধ্যমে অভ্যন্তরীন পরীক্ষা নেওয়া যাবে না। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(গ)১ | অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপারকে নির্দেশ এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার জন্য সুপারকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ৩(গ)২ | বোর্ড পরীক্ষার ফলাফল: দাখিল বোর্ড পরীক্ষায় ২০১৩ সালে ১৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১৭ জন, ২০১৪ সালে ২৩ জন শিক্ষার্থীর মধ্যে ১৯ জন ও ২০১৫ সালে ১৪ জন শিক্ষার্থীর মধ্যে ১৪ জন শিক্ষার্থী পাশ করে। বিগত ২০১৩ ও ২০১৫ সালে কাম্য সংখ্যক পরীক্ষার্থী বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করেনি। ০৪.০২.২০১০ তারিখের নীতিমালা মোতাবেক প্রতি বছর কাম্য ২০ জন পরীক্ষার্থী বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। বোর্ড পরীক্ষার ফলাফলের মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখার লক্ষ্যে সকল শিক্ষককে সচেষ্ট হতে হবে। | ঐ |
| ৩(গ)৪ | বৃত্তি পরীক্ষা: বিগত তিন বছরে কোন পরীক্ষার্থী বৃত্তি লাভ করেনি। প্রতি বছর অধিক সংখ্যক পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে জেডিসি পরীক্ষার্থীদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ৪(খ)৩ | ভবিষ্য তহবিল: ভবিষ্য তহবিল চালু নেই। শিক্ষক-কর্মচারীদের নামে পৃথক ব্যাংক হিসাব নম্বরে ভবিষ্য তহবিল চালু করা এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য সুপারকে নির্দেশ প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৫ (ক). | বিগত পরিদর্শন সংক্রান্ত তথ্যঃ বিগত পরিদর্শন প্রতিবেদনে আরোপিত সুপারিশসমূহের ব্রডশীট জবাব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়েছে মর্মে উল্লেখ রয়েছে। বিগত পরিদর্শনের অবাস্তবায়িত সুপারিশসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা? সে সর্ম্পকিত রেকর্ড উপস্থাপন করা হয়নি। | মাউশি অধিদপ্তরের জবাব দাখিলের রেকর্ড/প্রমাণক প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৫(গ) | মামলা: উক্ত প্রতিষ্ঠানের ক্বারী জনাব আবদুর রহমানের নাম এম.পি.ও. হতে বাদ পড়ায় তিনি মাননীয় আদালতে মামলা দায়ের করেন। তার পক্ষে মামলার রায় পান। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশ মোতাবেক রায়ের বিরুদ্ধে মাননীয় উচ্চ আদালতে আপীল মামলা দায়ের করা হয়েছে যা পরিদর্শনকালীন সময় পর্যন্ত মামলা বিচারাধীন ছিল বিধায় মামলার পরবর্তী কার্যক্রমের অগ্রগতির প্রমাণক টিএমইডিতে দাখিলের জন্য সুপারকে নির্দেশ প্রদান করা হলো। | আপিল মামলা নিষ্পত্তি হয়েছে কিনা?/কি অবস্থায় আছে তার প্রমাণক দাখিলের জন্য অনুরোধ করা হলো। |

চলমান পাতা-০৩

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ৫(ঘ) | ইভটিজিং: ইভটিজিং একটি মারাত্মক সামাজিক ও মানসিক ব্যাধি। শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের মধ্যে ইভটিজিং এর কুফল সর্ম্পকে সম্যক ধারণা ও সচেতনা সৃষ্টি এবং এর বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে হবে। | নির্দেশনা অনুসরনের জন্য অনুরোধ করা হলো। |
| ৫(ঙ) | শিক্ষানীতির বাস্তবায়ণ: ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়তে শিক্ষার ভূমিকা অনস্বীকার্য। আধুনিক ও বাস্তবসম্মত বিজ্ঞান ও কারিগরি শিক্ষা লাভের জন্য প্রণীত শিক্ষানীতির সফল বাস্তবায়নে শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীসহ সবাইকে আরো যত্নবান হতে হবে। | ঐ |

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ৩০ জুলাই, ২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ব্রডশীটের ও ডিআইএ'র পরিদর্শন প্রতিবেদনের অন্যান্য ক্রমিকে বর্ণিত প্রতিবেদনের বিষয়ে কোন আপত্তি না থাকায় এবং ডিজি, ডিএমই কর্তৃক আপত্তিসমূহ নিষ্পত্তির সুপারিশ ও প্রমাণক থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

২২/৭/২০২২
(কাজী আলী রেজা)
সহকারী সচিব (অডিট)
ফোন: ০২- ৯৫৭৫২৭২
ই-মেইল: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি:** (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):
০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গনি রোড, ঢাকা-১০০০।
০৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সুপার/ব্যবস্থাপনা কমিটি, চক যামিনী (কাজিপাড়া) নুরুল উলুম মোজাদ্দেদিয়া দাখিল মাদ্রাসা, পার্বতীপুর, দিনাজপুর।
০৭. অফিস কপি।



E:\MURAD (Audit)\LETTER\BSR- Report Letter - (দাখিল মাদ্রাসা).docx